রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, ডিসেম্বর ১৫, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯ অগ্রহায়ণ ১৪৩০/ ১৪ ডিসেম্বর ২০২৩

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২২.৩০১—গত ০৫ ডিসেম্বর ২০২৩ তারিখে দুবাইয়ে চলমান বিশ্ব জলবায়ু সম্মেলন (COP 28)-এ বাংলাদেশের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত Local Government Initiative on Climate Change (LoGIC) প্রকল্পটি Global Center on Adaptation (GCA) কর্তৃক 'Local Adaptation Champions Award, 2023'-এ ভূষিত করা হয়। জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় স্থানীয়ভাবে পরিচালিত সৃজনশীল, প্রশংসনীয় ও সম্প্রসারণযোগ্য প্রকল্পকে উৎসাহিত করা এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী ও সাধারণ মানুষকে পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবিলায় এই পুরস্কার দেয়া হয়।

০২। বাংলাদেশের নয়টি প্রধান জলবায়ু-ঝুঁকিপূর্ণ জেলার (খুলনা, বাগেরহাট, সুনামগঞ্জ, ভোলা, বরগুনা, পটুয়াখালী, কুড়িগ্রাম, রাঙামাটি এবং বান্দরবান) প্রায় ২০ লক্ষ মানুষ ইতোমধ্যে এ প্রকল্পের মাধ্যমে উপকৃত হয়েছে। এছাড়া, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় আরো ৪ লাখের অধিক পরিবারের সক্ষমতা বৃদ্ধি করা হয়েছে। এই প্রকল্পের উপকারভোগীরা অর্থায়নের সুবিধার মাধ্যমে অভিযোজনের অনুশীলন, বাজারে প্রবেশাধিকার এবং জলবায়ু সহনশীল জীবিকায় বিনিয়োগ করতে সক্ষম হয়েছে। প্রকৃতপক্ষে Local Government Initiative on Climate Change (LoGIC) প্রকল্পের স্বীকৃতি স্থানীয়ভাবে পরিচালিত জলবায়ু অভিযোজন ও সহনশীলতা বৃদ্ধিতে সরকারের দৃঢ় অঙ্গীকারের ফসল। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বাধীন সরকার জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতিকর প্রভাবের ফলে ঝুঁকিপূর্ণ ও ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী যাতে বিশেষ নজর ও অগ্রাধিকার পায় তা নিশ্চিত করার জন্য 'মুজিব জলবায়ু সমৃদ্ধি পরিকল্পনা ২০২২-২০৪১' প্রণয়ন করেছে।



**মূল্য :** টাকা ৮.০০

০৩। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রজ্ঞা, দূরদর্শিতা ও কার্যকর সিদ্ধান্ত গ্রহণের ফলে দেশে অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে এবং বৈশ্বিক পরিমণ্ডলে এক সুদৃঢ় অবস্থানে রয়েছে। গত প্রায় ১৫ বছরে প্রধানমন্ত্রীর ঐকান্তিক প্রয়াস এবং কার্যকর তত্ত্বাবধানের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় বাংলাদেশ সক্ষমতা অর্জন করতে পেরেছে। আন্তর্জাতিক অঙ্গনে এরূপ সাফল্য অর্জন বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল করেছে। স্থানীয় সরকার বিভাগ 'Local Adaptation Champions Award, 2023'-এ ভূষিত হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে মন্ত্রিসভার ২৬ অগ্রহায়ণ ১৪৩০/ ১১ ডিসেম্বর ২০২৩ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

০৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ২৬ অগ্রহায়ণ ১৪৩০ / ১১ ডিসেম্বর ২০২৩

গত ০৫ ডিসেম্বর ২০২৩ তারিখে দুবাইয়ে চলমান বিশ্ব জলবায়ু সম্মেলন (COP 28)-এ বাংলাদেশের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত Local Government Initiative on Climate Change (LoGIC) প্রকল্পটি Global Center on Adaptation (GCA) কর্তৃক 'Local Adaptation Champions Award, 2023'-এ ভূষিত করা হয়। COP 28-এর রেজিলিয়েন্স হাবে অনুষ্ঠিত Award Ceremony-তে LoGIC প্রকল্পের অসামান্য অবদানের জন্য স্থানীয় সরকার বিভাগের পক্ষে, সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়; ড. ফারহিনা আহমেদ এই পুরস্কার গ্রহণ করেন।

জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় স্থানীয়ভাবে পরিচালিত সৃজনশীল, প্রশংসনীয় ও সম্প্রসারণযোগ্য প্রকল্পকে উৎসাহিত করা এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী ও সাধারণ মানুষকে পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবিলায় এই পুরস্কার দেয়া হয়। স্থানীয় পর্যায়ে অভিযোজন ও সহনশীলতা বৃদ্ধিতে LoGIC প্রকল্পের উদ্ভাবনী ও অসামান্য অবদানের স্বীকৃতি হিসেবে Innovation in Devolving Finance ক্যাটাগরিতে স্থানীয় সরকার বিভাগকে এ পুরস্কার প্রদান করা হয়। Local Adaptation Champions Award-টি ২০২২ সালে প্রথম শুরু হয়েছে।

বাংলাদেশের নয়টি প্রধান জলবায়ু-ঝুঁকিপূর্ণ জেলার (খুলনা, বাগেরহাট, সুনামগঞ্জ, ভোলা, বরগুনা, পটুয়াখালী, কুড়িগ্রাম, রাঙামাটি এবং বান্দরবান) প্রায় ২০ লক্ষ মানুষ ইতোমধ্যে এ প্রকল্পের মাধ্যমে উপকৃত হয়েছে। এছাড়া, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় আরো ৪ লাখের অধিক পরিবারের সক্ষমতা বৃদ্ধি করা হয়েছে। এই প্রকল্পের উপকারভোগীরা অর্থায়নের সুবিধার মাধ্যমে অভিযোজনের অনুশীলন, বাজারে প্রবেশাধিকার এবং জলবায়ু সহনশীল জীবিকায় বিনিয়োগ করতে সক্ষম হয়েছে।

প্রকৃতপক্ষে Local Government Initiative on Climate Change (LoGIC) প্রকল্পের স্বীকৃতি স্থানীয়ভাবে পরিচালিত জলবায়ু অভিযোজন ও সহনশীলতা বৃদ্ধিতে সরকারের দৃঢ় অঙ্গীকারের ফসল।

উল্লেখ্য, স্থানীয় সম্প্রদায়কে অভিযোজনে নেতৃত্ব দেয়ার জন্য সহায়তা দান এবং অভিযোজন বিষয়ক গ্লোবাল হাব চালুর নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০২০ সালের সেপ্টেম্বর মাসে গ্লোবাল সেন্টার অন অ্যাডাপটেশনের দক্ষিণ এশিয়া আঞ্চলিক অফিস উদ্বোধন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বাধীন সরকার জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতিকর প্রভাবের ফলে ঝুঁকিপূর্ণ ও ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী যাতে বিশেষ নজর ও অগ্রাধিকার পায় তা নিশ্চিত করার জন্য 'মুজিব জলবায়ু সমৃদ্ধি পরিকল্পনা ২০২২-২০৪১' প্রণয়ন করেছে।

মন্ত্রিসভা মনে করে যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রজ্ঞা, দূরদর্শিতা ও কার্যকর সিদ্ধান্ত গ্রহণের ফলে দেশে অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে এবং বৈশ্বিক পরিমণ্ডলে এক সুদৃঢ় অবস্থানে রয়েছে। গত প্রায় ১৫ বছরে প্রধানমন্ত্রীর ঐকান্তিক প্রয়াস এবং কার্যকর তত্ত্বাবধানের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় বাংলাদেশ সক্ষমতা অর্জন করতে পেরেছে। আন্তর্জাতিক অঙ্গনে এরূপ সাফল্য অর্জন বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল করেছে। এর পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ 'Local Adaptation Champions Award, 2023'-এ ভূষিত হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে। মন্ত্রিসভা এ সাফল্যে অবদান রাখার জন্য স্থানীয় সরকার বিভাগের মাননীয় মন্ত্রীসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd